

শূন্য ঘর

আমার বাড়িতে আছে জনৈকের তালাবন্ধ ঘর
 কখনো দেখিনি তাকে জ্ঞানাবধি চাবিটা পেয়েছি
 মাঝে মাঝে কারো উত্তি শুনে ভাবি এই সেই লোক
 তার হাতে চাবি দিই তালাটা তো তখন খোলে না।
 ঘরটা বেবাক ফাঁকা তবু তার টান আছে বেশ
 মাঝেমাঝে সেটা খুলে মাঝরাতের সময় কাটাই
 কেউ বলে এটা নাকি ছিল গৃহদেবতার ঘর
 বাস্তুহারা লোকগুলি চলে গেছে দেবতাসমেত।
 ঈর্ষ কি শরণার্থী সে কি খোঁজে নিজস্ব ঠিকানা
 সে কি নিদ্দিষ্ট শিশু ভুলে গেছে তার ডাকনাম,
 আজ বিদ্ব জানি তার আশ্রয় সহজ নয় পাওয়া
 আমি ঘর আগলে আছি যদি সে হঠাৎ এসে পড়ে।

চিরা শ্যাম

